## জবাকুসুম তৈল

গুণেঅদ্বিতীয় গন্ধে অতুলনীয়।

জবাকুসুম তৈল মস্তিষ্ক স্থির রাখে, মনকে প্রফুল্লিত করে, কেশের শোভা বৰ্দ্ধিত করে। এই সকল কারণে জবাকুসুম তৈল সকলের আদরণীয়। এই জনাই জবাকুসুম তৈল কেশ তৈলের শীর্ষস্থান অধিকার করিয়াছে। অনেক নকল ও অনুকরণ সত্বেও কোন তৈলই তাহাকে শীর্ষস্থানচ্যুত করিতে পারে নাই।

১ শিশি ১৲ টাকা।

৩ শিশি ২।০ ভিঃ পিতে ২॥৶০

## কল্যাণ বটিকা

ধাতুদৌর্ব্বল্যের মহৌষধ।

কল্যাণ বটিকা সেবনে ধাতুদৌর্ব্বল্য ও তজ্জন্য স্বপ্নবিকারাদি উপসর্গ সত্বরায় প্রশমিত হইয়া শরীরের কান্তি ও পুষ্টি বৰ্দ্ধিত হয়। কল্যান বটিকার গুণ অব্যর্থ ও স্থায়ী।

১ কৌটা ২৲ ভিঃ পিতে ২৶০

## ক্ষুধাবতী

অম্লপিত্ত রোগীর একমাত্র ভরসাস্থল।

ক্ষুধাবতী ঔষধ সেবনে অম্লপিত্ত রোগ শীঘ্রই দূরীভূত হয়। আকণ্ঠ ভোজনের পর একমাত্র ক্ষুধাবতী সেবন করিলে তুলাতে অগ্নি সংযোগের ন্যায় গুরুপাক দ্রব্য ভস্মীভূত হইয়া যায়। অগ্নিতে জল সেকের ন্যায় বুকজ্বালা নিবারিত হয়।

১ শিশি ১৲ টাকা ভিঃ পিতে ১।৶

## অমৃতাদি বটিকা

ম্যালেরিয়া জ্বরনাশে অব্যর্থ।

অমৃতাদি বটিকা সেবনে সর্ব্বপ্রকার জ্বর বিশেষতঃ ম্যালেরিয়া জ্বর অতি শীঘ্র দূরীভূত হইয়া থাকে। প্লীহা ও যকৃতের বৃদ্ধি হইলে অমৃতাদি বটিকা সেবনে আশ্চর্য্যজনক ফল পাওয়া যায়, জ্বরের হস্ত হইতে নিস্কৃতি পাইবার জন্য দেশ দেশান্তর ভ্রমণ করিতে হয় না।

১ কৌটা ভিঃ পিতে ১৶০

সি, কে, সেন এণ্ড কোং লিমিটেড।

ব্যবস্থাপক ও চিকিৎসক—

শ্রীউপেন্দ্রনাথ সেন কবিরাজ

২৯ নং কলুটোলা ষ্ট্রীট, কলিকাতা।



সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২০এ কার্ত্তিক বুধবার, ১৩২৫ সাল।


যুদ্ধক্ষেত্রের মানচিত্র।—আমরা স্থানান্তরে ফ্রান্সের বর্ত্তমান যুদ্ধক্ষেত্রের মানচিত্র প্রদান করিলাম। কাল বিন্দু বিন্দু চিহ্নগুলি মিত্র বাহিনীর কিছুদিন পূর্ব্বকার অগ্রসর হইবার পরিচায়ক। বর্ত্তমানে তাঁহারা আরও অগ্রসর হইয়াছেন।

ব্যাধির প্রকোপ। দুঃখের কথা বলিতে বুক ফাটিয়া যায়। একে অন্নবস্ত্রাভাবে দিনপাত করা কঠিন হইয়া উঠিয়াছে, তাহার উপর প্রায় প্রত্যেক লোকই রোগের জ্বালায় অস্থির হইয়া উঠিয়াছে। এতদঞ্চলে ম্যালেরিয়া ত কয়েক বৎসর হইতে মৌরসী করিয়া বসিয়া আছে তাহার উপর এবার আবার নিউমোনিয়া শুভাগমন করিয়া মরণের পথ ফরক্কা করিয়া দিয়াছে। অন্যান্য বৎসর অপেক্ষা মৃত্যু সংখ্যা এবার খুব বেশী। জঙ্গিপুর (রঘুনাথগঞ্জ) শ্মশান ঘাটে মড়া আমদানী তাহার প্রমাণ। সুতী থানার অন্তর্গত সিধোর, হারোয়া প্রভৃতি গ্রামে কলেরায় বিস্তর লোক মরিতেছে।

মৃত্যু সংবাদ। জঙ্গিপুর ফৌজদারী আদালতের প্রবীণ মোক্তার বাবু মহিমচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় পূজার অবকাশের ফরিদপুর জেলায় নিজবাটী লোনসিং গ্রামে গিয়া আর ফিরিলেন না। সেই খানেই তাঁহার ইহলীলার অবসান হইয়াছে। মহিম বাবু অতি নিরীহ ভদ্রলোক ছিলেন। প্রায় ২৫ বৎসর কাল জঙ্গিপুরে মোক্তারী করিয়াছেন। এতাবৎ কাল মধ্যে কেহ তাঁহার নিকটে কখনও কোনও অসদ্ব্যবহার পায় নাই। আমরা তাঁহার শোক সন্তপ্ত পরিবারের দুঃখে সমবেদনা জ্ঞাপন করিতেছি।

যুদ্ধের চুম্বক খবর। এইবার জর্ম্মনী একা পড়িল। তাহার মিত্রগণ একে একে বত্রিশ সিংহাসনের পুতুলের মত তাহাকে ছাড়িয়া চলিল। প্রথমে বুলগেরিয়া, তারপর তুর্কী মিত্রশক্তির নিকট আত্ম সমর্পণ করিল। এইবার তাহার ডানহাত ভাঙ্গিল। অষ্ট্রীয়া এক্ষণে সন্ধিপ্রার্থী হইয়া আত্মসমর্পণ করিয়াছে। এইবার জর্ম্মনী একা। এখন যদিও সে দু চার দিন আস্ফালন করে সে 'মুণ্ডমালার দাঁত খামুচী' ভিন্ন আর কিছুই নহে। এইবার জর্ম্মনীকে নত জানু হইয়া মিত্রশক্তির নিকট কৃপাপ্রার্থী হইতে হইয়াছে। বড় বাড় হয়েছিল— ভগবান সইবেন কেন?

——

## প্রাপ্ত।

সম্পাদক মহাশয়,

নিম্নলিখিত পত্রখানি আপনার পত্রে স্থান দান করিয়া বাধিত করিবেন।

জঙ্গিপুর উচ্চ ইংরাজী বিদ্যালয়ের সুযোগ্য ষষ্ঠ শিক্ষক বাবু নিত্যগোপাল দাস কয়েক সপ্তাহ যাবৎ জ্বর ও ক্ষয় রোগে পীড়িত ছিলেন; গত ৭ই অক্টোবর রাত্রি ৪টার সময় ইহলোক পরিত্যাগ করিয়াছেন। ইনি প্রায় ২৪ বৎসর উক্ত বিদ্যালয়ে দক্ষতার সহিত শিক্ষকতা করিয়াছেন। ইঁহার অমায়িক শিষ্ট ব্যবহারে সকলেই প্রীত ছিলেন। পরম পিতা পরলোকগত উক্ত শিক্ষকের আত্মার কল্যাণ এবং তাঁহার শোকাতুর পরিবারবর্গকে সান্ত্বনা দান করুন।

ইঁহার অকাল মৃত্যুতে আবালবৃদ্ধ সকলেই দুঃখিত হইয়াছেন। গত ৯ই অক্টোবর অপরাহ্নে ছাত্রগণের উদ্যোগে উক্ত বিদ্যালয়ে তাঁহার মৃত্যুতে দুঃখপ্রকাশ এবং তাঁহার স্মৃতি রক্ষার জন্য একটী সভা আহূত হয়। এই সভায় বহু সংখ্যক ছাত্র উপস্থিত ছিলেন। এবং প্রায় সকল শিক্ষকই যোগদান করিয়াছিলেন। স্মৃতি রক্ষার্থ "নিত্যগোপাল পুরস্কার" নামে একটী বার্ষিক পুরস্কার প্রতিষ্ঠিত হইয়াছে। যে ছাত্র বাঙ্গালা ভাষায় প্রবন্ধ রচনায় প্রথম স্থান অধিকার করিবে, তাহাকে উক্ত পুরস্কার দেওয়া হইবে। পূজ্যের পূজা যোগ্যতমের সম্মাননা এবং গুণবানের সমাদর সমাজের হিতসাধন করে। ভগবানের কৃপায় এবং সদাশয়গণের সহানুভূতি দ্বারা এই সাধু সংকল্পের সফলতা কামনা করি।

বিনীত নিবেদক—

শ্রীহরিলাল সাহা।

——

## কোন্‌টা ভাল?

—০—

### নোট না টাকা!

বর্ত্তমান যুদ্ধের ফলে ভারতবর্ষে অধিক পরিমাণে নোটের প্রচলন বৃদ্ধি পাইয়াছে। যুদ্ধের পূর্ব্বে পাঁচ ও দশ টাকার নোটের প্রচলন ছিল, কিন্তু বর্ত্তমানে ২॥০ টাকা ও ১৲ টাকার নোট চলিতেছে। এই পরিবর্ত্তন উন্নতির পরিচায়ক। ধাতু-মুদ্রায় অনেক টাকা নিবদ্ধ থাকায় ভারতের শ্রমশিল্পের যথেষ্ট ক্ষতি হইতেছে। প্রথমতঃ এই ব্যাপারে অল্প সুদে টাকা খাটাইবার পথ বন্ধ হইয়া যায়। এই ব্যবস্থা পরিচালিত হওয়াই বর্ত্তমানে অন্য দেশের বাণিজ্যের যথেষ্ট সুবিধা হইয়াছে। ভারতবাসীগণ নগদ টাকা চাহে, অল্প টাকা জমা রাখিয়া নোট বা চেকের সাহায্যে কারবার চালাইবার ব্যবস্থা পছন্দ করে না। তাহার উপর বহু অর্থ জমা করিয়া রাখা হইয়াছে এবং টাকা গলাইয়া অনেকে গহনা গড়াইয়া থাকে। ফলে অর্থ ঘটিত ব্যাপারে অসুবিধা দেখা দেয়। বিদেশ হইতে ভারতে রৌপ্য আমদানী করিতে হয়, ফলে রূপার দাম ব্যতীত জাহাজ ভাড়া ও ও অন্যান্য বাবদে অনেক টাকা বিদেশে পাঠাইতে হয়। আর এই ভাবে প্রতি ক্রোর টাকার রূপা ক্রয়ে ভারতের বার্ষিক ৫॥০ লাখ টাকা সুদে নষ্ট হইয়া যাইতেছে। রূপা না কিনিয়া অন্য ভাবে তাহা নিয়োগ করিলে এই সুদের টাকায় দেশের শিক্ষা স্বাস্থ্য শ্রমশিল্প প্রভৃতির যথেষ্ট উন্নতি সাধন করিতে পারা যাইত।

ভারতে অধিক পরিমাণে নোটের প্রচলন হইলে ভারতেরই লাভ; কারণ এই ব্যাপারে ভারতকে অল্প টাকার রূপা ক্রয় করিতে হইবে, আর সঙ্গে সঙ্গে বিদেশে রৌপ্য ক্রয় বাবদে অল্প টাকা দিতে হইবে।

ভারতের মধ্যে অনেকেই বর্ত্তমানে নোট ব্যবহারে অভ্যস্ত হইয়া পড়িয়াছে, তবে বহু দূর গ্রামের মধ্যে কেহ নোট লইতে স্বীকার করে না। প্রত্যেক নোটের উপর লিখিত মূল্যে নোট ব্যবহার করিবার অধিকার আইনতঃ সকলেরই আছে। যখন রাজা নোটে লাটের খাজনা লইতে স্বীকৃত, তখন অন্যের তাহা গ্রহণ করিতে ইতস্ততঃ করা উচিত নয়। আর যাহারা নানা ভাবে মিথ্যা গুজবের সৃষ্টি করিয়া বা নোট লইতে অস্বীকার করিয়া নোটের প্রচলন বন্ধ করিবার চেষ্টা করিতেছে, তাহারা যথেষ্ট ক্ষতি করিতেছে, স্মরণ রাখিবেন। বর্ত্তমানে রৌপ্যের টাকার প্রচলনে ব্যয় সঙ্কোচ করিয়া সহজেই ভারত নিজ উন্নতি-সাধন করিতে পারে, আর রৌপ্যের টাকার পরিবর্ত্তে নোট প্রচলন করিতে পারে।

—০—

# নীলামের ইস্তাহার।

## চৌকী জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।

### নিলামের দিন ১৫ই নভেম্বর ১৯১৮।

১২৫২ মর্গেজ ডিঃ মান্নালাল বয়েদ দিঃ দেং এরশাদালি বিশ্বাস দাবি ৯৪৶৬ পং কোঙরপ্রতাপ মৌজে সেখ্রাপুর ৫৮।২ কাত ৪২৫/৮ মধ্যে দেনদারের অংশে ২২।২ কাত ১৬৵/১৫ আঃ ১০০৲

৯১৪ মনি ডিঃ রাজা রাও যোগীন্দ্রনারায়ণ রায় দেং সদানন্দ মণ্ডল দাবি ৯৪৸৵ পং ইসলামপুর মৌজে রাণীনগর ২৸১ কাত ৪।১৮ আঃ ১৫৲

১০১৪ মঃ ডিঃ শচীন্দ্রনাথ অধিকারী দিঃ দেং শচীন্দ্রনাথ দাস নাবালক দিঃ পক্ষে অলিমাতা নিরদা দাস্যা দাবি ৩২৬৷/ পং মঙ্গলপুর মৌজে কোন্দলিয়া ১৷ কাত ৮৵ আঃ ২৯৲ ২। /৪। কাত ৮৹ আঃ ২৫৲

১০৫৯ মরগেজ ডিঃ রাজা শশিকান্ত আচার্য্য দেং ক্যামাতুল্যা মণ্ডল দিঃ দাবি ৯৫।৵৬ পং সেরসাহাবাদ মৌঃ গুরুল্যাপুর ২। কাত ২।

১০৬৩ রেহান ডিঃ নন্দলাল সাহা দিং দেং আগেজান সেখ দিং দাবি ১১৩।১০ পং একবরসাহী মৌজে পাউগী ১৪/ ২৫॥৶/১০ আঃ ২০৲ ২। ঐ মৌজায় ৶৷ কাত ৭॥১৫ মধ্যে ১।০ বিঘা ৩। ঐ মৌজা ৭/ কাত ১০/ মধ্যে ১/ বিঘা

১১২৭ রেহান ডি হরিহর রায় দেং নমেজান বিবি দাবি ৩৫৩॥৵৯ পং গনকর মৌজে গাঙ্গাড়া ৮৸৩ কাত ২০॥৵২ আঃ ১০৫৲

১১৩৫ মঃ ডিঃ সাকিরুদ্দিন বিশ্বাস দিঃ দেঃ খুদিরাম দাস দিং দাবি ৪৫৪॥/ পং গনকর মৌজে ঘোড়া পাখিয়া ৮।৪ বিঘা আঃ ৩৫০৲

১১৬৩ মনি ডিঃ ভিখারীরাম ভকত দেং মুরা সেখ দিং দাবি ২৮৫৸/ পং কাশিপুর মৌজে ভুরকুণ্ডা ৬/ কাত ৫॥ তন্মধ্যে ৩/ আঃ ৭৫৲

১১৭৪ মঃ ডিঃ বসন্তকুমার মাহারা দেং সুশীলচন্দ্র স্বর্ণকার দাবি ২১৯।৵৬ পং চাঁদনদীয়া ॥১ কাত ২৲ আঃ ৯৯৲

১১৮২ মঃ ডিঃ হেদাতুল্যা বিশ্বাস দেং গোবিন্দলাল দাস দিঃ দাবি ১১৭৯।৩ পং রুকুনপুর মৌজে নিজ কালিয়াই কাবিলপুর ৩৮৸১॥ কাত ৪৮॥১০ আঃ ৭৫০৲

১২০২ রেহান ডিঃ আমেদকুমারী রুদ্র দেং রাধারমণ মণ্ডল দিং দাবি ২৪০।৵ পং গনকর মৌজে তৈক্ষক ২২॥ কাত ৫০৵/২০॥ আঃ ১০০৲

১২১২ অন্য ডিঃ গৌরচন্দ্র দত্ত দেং ভগবান মণ্ডল দিং দাবি ২৮০৸৶ পং নওয়ানগর মৌজে কিঃ হামাব ৯/২॥ কাত ৬৶ ২। জেলা মুর্শিদাবাদ কালেক্টরীর ১৪৭২ নং তৌজির মহাল পং গনকর তঃ ঘোড়শালা মৌজে রাহিরগ্রাম তৈক্ষক মহাল সরকারী বাজাপ্ত খাস মহাল মধ্যে ২/২১/ কাত ৩।০ ৩। তক্ষক মধ্যে ২৫০৶ কাত ১১৶/১৮ আঃ ১৯৯৲

১২২৯ মঃ ডিঃ নেসার সেখ দেং জেলাল সেখ দাবি পং গনকর মৌজে নওদা ৸।০ কাত ১৲ আঃ ২০৲

১২৫১ মরগেজ ডিঃ মান্নালাল বয়েদ দিং দেং নকড়ি দাস দাবি পং সুলতানউজিয়াল মৌজে লোকাইপুর ১০।১॥ কাত ৭।/১। তন্মধ্যে নিজাংশে ৩৸২। কাত ২৸১॥৵ আঃ ৪০৲ ২। ঐ মধ্যে ১৩/ কাত ৯।১০ নিজাংশে ৪৸২॥ কাত ৩।৶/১৩৸ আঃ ৬০৲ ৩। ঐ মধ্যে ১২/১ কাত ৯৶৩ নিজাংশে ৪॥২॥ কাত ৩॥৵।১॥৵ আঃ ৬০৲ ৪। ঐ মধ্যে ২৬॥৪ কাত ২২।৵১৩ মধ্যে নিজাংশে ১০/০। কাত ৮/১২॥ আঃ ১০০৲ ৫। ঐ মধ্যে ৩/১ কাত ২।১২ নিজাংশে ১/২৸ কাত ৸/১৪ আঃ ১৫৲ ৬। ঐ মধ্যে ৭/ কাত ৪॥৵ নিজাংশে ২॥২॥ কাত ১৸০। আঃ ২৫৲ ৭। পং মঙ্গলপুর তঃ গাজিপুর ৬॥ কাত ৪৸৶৩ নিজাংশে ২।৩৸ কাত ১৸/১৩৸ আঃ ৩০৲ ৮। ঐ মধ্যে ৬॥২৸ কাত ৮৸১৪ নিজাংশে ২/৪। কাত ১৸/৯ কাঃ ৩০৲ ৯। ঐ মধ্যে /৩॥ কাত ১।/১। নিজাংশে /১। কাত ।৶১৮ আঃ ১০৲ ১০। ঐ মধ্যে ৪/ কাত ৩৲১৩ নিজাংশে ১॥ কাত ১৵৫ আঃ ২০৲ ১১ ঐ মধ্যে ১৪/৪ কাত ১২॥/১১ নিজাংশে ১॥৩ কাত ১৲১২ আঃ ২০৲

### নিম্নলিখিত নম্বরগুলির ডিক্রীদার সেবাইত নিত্যকালী দাসী।

৪২৬ থাং দেং প্রহ্লাদ মণ্ডল দিং দাবি ১৯৶৯ পং গনকর মৌজে গনকর ৸৩ কাত ২।৶/১৫৸ আঃ ৫৲

৯১৭ থাং দেং পুলিনবিহারী মণ্ডল দিং দাবি ২৫।০ পং ঐ মৌজে জেঠিয়া ৪/২॥ কাত ৪৲ আঃ ২০৲

৯১৬ থাং দেঃ বেনয়ারী মণ্ডল দিং দাবি ৩৩৸৵/৩ পং ঐ মৌজে ঐ ২৸১। কাত ৫৸৵/১৫ আঃ ১৫৲

৭৭৮ থাং দেঃ আবু সেখ দিঃ দাবি ১৯৵ পং ঐ মৌজে আলিনগর ১॥ কাত ২/ আঃ ১০৲

৭৭৬ থাং দেঃ সাধি সেখ দিঃ দাবি ২০৵ পং ঐ মৌজে দড়িপাড়া ১/ কাত ৩৸৶/১৬ আঃ ১০৲

৭৭৪ থাং দেঃ জামির সেখ দাবি ১৭।৶ পং ঐ মৌজে চক আলম ৸৩ কাত ১৸/১ আঃ ১০৲

৭৭৩ থাং দেং শশিভূষণ চামার দিঃ দাবি ১৪৵৬ পং ঐ মৌজে প্রাইকস্তা ১॥০॥ কাত ১৸/১৫ আঃ ১০৲

৬৩০ থাঃ দেঃ বনয়ারী মণ্ডল দিং দাবি ৪৯৸/৬ পং ঐ মৌজে জেঠিয়া ৭॥ কাত ৭৸ আঃ ৩০৲

### নিম্নলিখিত নম্বরগুলির ডিক্রীদার মহারাজ বাহাদুর সিংহ।

৪৯২ থাঃ দেঃ শয়ন বিবি দাবি ৪৬/৯ পং গোয়াস মৌঃ গোকুলতা ৪/ কাত ৭॥/১৫৸ আঃ ৩০৲

৭০০ থাং দেং জেবাস সেখ দাবি ৫৩৶/৬॥ পং ঐ মৌজে শীতলপাড়া ৫/ কাত ১০।২

৭১৬ থাং দেঃ পাঁমুরী সেখ দাবি ২৫॥৵৩ পং ঐ মৌজে গোকুলতা ১॥ কাত ৫॥৵০॥ আঃ ২৫৲

৭১৭ থাং দেঃ মাহিমন নেসা বিবি দিঃ দাবি ১৯॥৶৩ পরগনাদি ঐ ২/ কাত ২।/১০ আঃ ৭৲

৭১৮ থাং দেঃ ঐ দাবি ১১৮॥৩ পরগনাদি ঐ ১১/ কাত ১৯৵৯ আঃ ৮০৲

৭১৯ থাং দেঃ পাঁমুচি সেখ দাবি ৩১।০ পরগনাদি ঐ ২॥ কাত ৬।/৫ আঃ ২৫৲

৭২০ থাং দেঃ ঐ দাবি ২৮।৶৩ পরগনাদি ঐ ২।২ কাত ৬৶ আঃ ২৫৲

৭২১ থাং দেঃ বিষ্ণু মাল দাবি ১৩৶ পরগনাদি ঐ ॥২ কাত ১॥৶ আঃ ৫৲

৮৫২ থাং দেং গোপীনাথ মণ্ডল দাবি ১০১৶৩ পং কুঙর প্রতাপ মৌজে বনিয়া ৮/ কাত ১৫। আঃ ৮০৲

৪৬৩ থাং দেঃ বেনু হাড়ি দাবি ২১। পং ঐ মৌজে জামুয়ার ১॥ কাত ১৸/১০ আঃ ৯৲

৮৭৬ থাং ডিঃ শিবদেনী বিবি দেং সুখদাসুন্দরী বেওয়া দাবি ১৩।৵৯ পং সাহাবাজপুর মৌজে মোরগ্রাম ॥১ কাত ১/১২ আঃ ৬৲

৮৬৮ থাং ডিঃ হরিহর মুখোপাধ্যায় দেঃ মনবোধ মিশির দিঃ দাবি ৬৭।/ পং একবরসাহী মৌজে বেলুড়িয়া ৪॥ কাত ৯৲ আঃ ৪০৲

৯২৪ থাং ডিঃ গোলাবুদ্দিন বিশ্বাস দেং রসরাজ পাল দাবি ১৬,৬ পং মঙ্গলপুর মৌজে হাপানিয়া ৫৸৪ কাত ৬॥/৫ আঃ ১০৲

৯৪৬ থাং ডিঃ লছমীচাঁদ সেঠিয়া দিঃ দেঃ শচীন্দ্রনাথ রায় দিঃ দাবি ২০৭॥৶ পং গনকর মৌজে রঘুনাথগঞ্জ ।২ কাত ৭৲ আঃ ২০০৲ উক্ত জমির উপরিস্থিত পোক্তাবাটী ইত্যাদি

৯৫৯ থাং ডিঃ প্রসন্নকুমার রায়ের ষ্টেটের এক্জিকিউটর নলিনাক্ষ রায় দিং দেঃ চাঁদ মূর্দা দিঃ দাবি ৩৪৸৵৯ পং সাহাবাজপুর মৌজে বিরথম্বা ২/ কাত ৪৸/১০ আঃ ২০৲



নিউপোর্ট
ওষ্টেণ্ড
এন্টওয়ার্প
ব্রুসেল্স্
লিজ
কলোন
লা বাসি
আরাস
আলবার্ট
ক্যাম্ব্রে
নামুর
ভার্দুন
মেজ
সেন্ট মিহিল
ন্যান্সি
প্যারিস
সেন্ট ডেনিস
বেলফোর্ট

